

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৮৪৮

১/ বিবিধ

আরবী

لوكان حسن الخلق رجلا يمشي في الناس لكان رجلا صالحا
ضعيف جدا

رواه الخرائطي في " مكارم الأخلاق " (ص 6 - 7) : حدثنا علي بن حرب حدثنا إبراهيم بن محمد الشافعي حدثنا محمد بن عبد الرحمن عن أبيه عن القاسم عن عائشة رضوان الله عليها قالت: قال رسول الله صلى الله عليه وسلم: فذكره. قلت: وهذا سند واه جدا، آفته عبد الرحمن أبو محمد هذا، وهو عبد الرحمن بن أبي بكر بن عبيد الله بن أبي مليكة المدني. قال أحمد والبخاري: " منكر الحديث ". وقال النسائي: " متروك الحديث وقال ابن حبان: " ينفرد عن الثقات ما لا يشبه حديث الأثبات ". قلت: وهذا من تلك الأحاديث التي لا تشبه حديث الثقات، وابنه محمد ضعيف أيضا، فأحدهما آفته. والحديث أورده السيوطي في " الجامع الصغير " من رواية الخرائطي، وسكت عليه المناوي! وانظر الحديث الآتي (3889)

বাংলা

১৮৪৮। ভাল চরিত্রের যদি একজন ব্যক্তি হতো যে লোকদের মাঝে হাঁটছে। তাহলে মানুষ সং হতো (তার অনুসরণ করার দ্বারা)।

হাদীসটি খুবই দুর্বল।

এটিকে খারায়তী “মাকারিমুল আখলাক” গ্রন্থে (পৃঃ ৬-৭) আলী ইবনু হারব হতে, তিনি ইবরাহীম ইবনু মুহাম্মাদ

শাফেঈ হতে, তিনি মুহাম্মাদ ইবনু আব্দুর রহমান হতে, তিনি তার পিতা হতে, তিনি কাসেম হতে, তিনি আয়েশা (রাঃ) হতে বর্ণনা করেছেন, তিনি বলেনঃ রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ...।

আমি (আলবানী) বলছিঃ এ সনদটি খুবই দুর্বল। এর সমস্যা হচ্ছে আব্দুর রহমান আবু মুহাম্মাদ। তিনি হচ্ছেন আব্দুর রহমান ইবনু আবু বাকর ইবনু ওবাইদুল্লাহ ইবনু আবী মুলাইকাহ মাদানী।

ইমাম আহমাদ ও বুখারী বলেনঃ তিনি মুনকারুল হাদীস। নাসাঈ বলেনঃ তিনি মাতরুকুল হাদীস। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এককভাবে এমন কিছু বর্ণনা করেছেন যা নির্ভরশীলদের হাদীসের সাথে সাদৃশ্যপূর্ণ নয়।

আমি (আলবানী) বলছিঃ এটি সেগুলোর একটি। তার ছেলে মুহাম্মাদও দুর্বল। হাদীসটির সমস্যা তাদের দু'জনের একজন।

হাদীসটিকে সুযুতী “আলজামেউস সাগীর” গ্রন্থে খারাইতীর বর্ণনা হতে উল্লেখ করেছেন। আর মানবী হাদীসটির ব্যাপারে কিছু না বলে চুপ থেকেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72731>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন